



## মুনু ফেব্রিক্স লিমিটেড

“মুনু সিটি, গিল্ড, মানিকগঞ্জ।

“লে-অফ” প্রত্যাহার করে ফ্যাক্টরী পুনরায়  
চালুকরণ ও পূর্ণদ্যোমে উৎপাদনে যাওয়ার বিজ্ঞপ্তি।

সংশ্লিষ্ট সকলের এবং সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মুনু ফেব্রিক্স লিমিটেড-এর কারখানায় উৎপাদন কাজে ব্যবহৃত গ্যাসের প্রেসার অস্বাভাবিক হারে হ্রাস পাওয়ার কারণে কর্তৃপক্ষ বাধ্য হয়ে ২০০৬ সালের বাংলাদেশ শ্রম আইনের ১২(১) ধারা মোতাবেক গত ২২/১০/২০০৯ইং তারিখে কারখানাটিকে বন্ধ ঘোষণা করেছিল। পরবর্তীতে বৃহত্তর স্বার্থে বিষয়টি বিবেচনা করে কারখানার মেশিনগুলো সচল রাখার লক্ষ্যে সারাদিনে ৬-৮ ঘন্টার কম সময় গ্যাস সরবরাহ প্রাপ্তি সাপেক্ষে কারখানার মূল্যবান মেশিনগুলো রক্ষণাবেক্ষণ (Maintenance) এবং আংশিক উৎপাদন (Partial Production) কাজ সম্পন্ন করার জন্য বিগত ১১-০১-২০১১ইং তারিখ থেকে কারখানা আংশিক খোলা রাখার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। পরীক্ষান্তে ২০১৯ সালের শেষ দিকে গ্যাস সরবরাহে অনেকটা উন্নতি হওয়ায় এবং কারখানার মেশিনারীসমূহ সম্পূর্ণ সচল ও উৎপাদন কর্মক্ষমতা সম্পন্ন রয়েছে যার মাধ্যমে পুনরায় পূর্ণদ্যোমে উৎপাদনে যাওয়া সম্ভব।

এমতাবস্থায়, আমরা আনন্দের সাথে ঘোষণা করছি যে, কোম্পানীর সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের স্বার্থরক্ষা, দেশের জন্য উল্লেখযোগ্য পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জন এবং সর্বোপরি ‘মুজিব বর্ষে’ কয়েক হাজার মানুষের কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে আগামী ১৫/০৩/২০২০ইং তারিখ থেকে মুনু ফেব্রিক্স লিমিটেড-এর ফ্যাক্টরীর “লে-অফ” (Lay-Off) প্রত্যাহার করে পূর্ণদ্যোমে উৎপাদনে যাবে। আমরা সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

তারিখঃ ০৯/০৩/২০২০ইং

ব্যবস্থাপনা কর্তৃপক্ষ।